# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**13-06-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছ'দিনের ফ্রান্স ও স্লোভাকিয়া সফরে রওনা হয়েছেন।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দেহরাদুনে ইন্ডিয়া মিলিটারি অ্যাকাডেমিতে পাসিং আউট প্যারেড অনুষ্ঠানে যোগ দেন।

৩) ক্ষেপণাস্ত্র পরীক্ষা সাফল্যের সঙ্গে চালানোর জন্য DRDO-কে অভিনন্দন জানিয়েছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

৪) মূল শর্ত গুলি পূরণ নাহলে, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে চূড়ান্ত শান্তি চুক্তি স্বাক্ষর করা হবে না বলে জানিয়ে দিয়েছে ইরান।

এদিকে, উভয় পক্ষই চুক্তিতে রাজি বলে, মার্কিন প্রশাসন ও মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান জানিয়েছে।

৫) ফুটবল বিশ্বকাপে আজ সুইজারল্যান্ড, কাতারের ও মরক্কো, ব্রাজিলের বিরুদ্ধে খেলবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছদিনের ফ্রান্স ও স্লোভাকিয়া সফরে রওনা হয়েছেন। দেশ ছাড়ার আগে তিনি বলেন, ভারতের কৌশলগত ক্ষেত্রে, ফ্রান্স এক গুরুত্বপূর্ণ

অংশীদার। এই সফর, দুদেশের মধ্যে অর্থনৈতিক ও সাংস্কৃতিক বন্ধন আরও দৃঢ় করবে বলেও তিনি মন্তব্য করেন। ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাঁক্রো-র সঙ্গে আগামিকাল তিনি যৌথভাবে "ভারত ইনোভেটস"-এর উদ্বোধন করবেন। ভারত-ফ্রান্স উদ্ভাবনী ক্ষেত্রের উদযাপনে এই অনুষ্ঠান হবে। ভারতের স্টার্ট আপগুলিকে বিশ্ববাজারে তুলে ধরতেই এই অনুষ্ঠান।

সফরের পরবর্তী পর্যায়ে, আগামিকাল দুদিনের সফরে তিনি স্লোভাকিয়ায় যাবেন। উভয় দেশের কৌশলগত অংশীদারিত্ব দৃঢ় করতে এই সফর বিশেষ গুরুত্বপূর্ণ বলে তিনি মন্তব্য করেন। সেদেশের ব্রাতিস্লাভায়, তিনি, স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পেলিগ্রিনি ও প্রধানমন্ত্রী ফিকো-র সঙ্গে সাক্ষাৎ করবেন।

এরপর, শ্রী মোদী চলতি মাসের ১৬ থেকে ১৭ তারিখে হতে চলা জি সেভেন শীর্ষ সম্মেলনে যোগ দিতে ফ্রান্সের এভিয়ানে যাবেন। এই নিয়ে পরপর ৮ টি জি সেভেন বৈঠকে ভারতকে ডাকা হলো, যা ভারতের প্রতি অংশীদার দেশগুলির বিশ্বাসকেই তুলে ধরে বলে তিনি মন্তব্য করেন। ১৮ ই জুন তিনি, ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাঁক্রো-র সঙ্গে ভিভাটেক ২০২৬-এ অংশ নেবেন। প্যারিসে ভারতীয় বংশোদ্ভূতদের সঙ্গে এক আলাপচারিতায় মিলিত হবেন প্রধানমন্ত্রী। ওই দিনই দেশে ফেরার কথা রয়েছে তাঁর।

----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তি থেকে উৎপাদন ক্ষেত্রে, মহাকাশবিজ্ঞান, সেমিকন্ডাক্টর এবং ড্রোন সহ একাধিক ক্ষেত্রে দেশের যুবরা বিশেষ অবদান রাখছেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন, স্টার্ট আপ ক্ষেত্রে ভারত বিশ্বকে নেতৃত্ব দিচ্ছে এবং এই স্টার্ট আপ তৈরি করা যুবরা দেশের ছোট শহর, গ্রাম

থেকে উঠে আসছেন। আন্তর্জাতিক ক্রীড়াক্ষেত্রে দেশের যুবরা, বিশ্বমঞ্চে ভারতের নাম সুপ্রতিষ্ঠিত করছেন বলেও মন্তব্য করেন তিনি।

স্টার্ট আপ ইন্ডিয়া, ডিজিটাল ইন্ডিয়া, স্কিল ইন্ডিয়া এবং অটল ইনোভেশন প্রকল্পের মতো সরকারি উদ্যোগগুলি দেশের যুবদের জন্য এক উদ্ভাবনী পরিবেশ তৈরি করেছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

----------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আজ সকালে উত্তরাখন্ডের দেরাদুনে ইন্ডিয়া মিলিটারি অ্যাকাডেমীতে পাসিং আউট প্যারেড অনুষ্ঠানে যোগ দেন। প্যারেড পরিদর্শনও করেন তিনি। পুরুষ ক্যাডেটের পাশাপাশি এই বছরই প্রথমবার মহিলা ক্যাডেট বাহিনী প্যারেডে অংশ নেয়। এই অনুষ্ঠানে ৫-শোরও বেশি পুরুষ ও মহিলা ভারতীয় সেনাবাহিনীর অফিসার হিসেবে নতুন দায়িত্ব গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি তাঁর ভাষণে নব নিযুক্ত অফিসারদের অভিনন্দন জানিয়ে বলেন, দেশের স্বার্থে আত্মত্যাগে তারা সর্বতভাবে প্রস্তুত।

(বাইট – রাষ্ট্রপতি)

----------------

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ভারতীয় বিমান বাহিনীর নবনিযুক্ত আধিকারিকদের নিরাপত্তা পরিস্থিতির পরিবর্তনের সঙ্গে সাযুজ্য রেখে ড্রোন, কৃত্রিম উপগ্রহ ও রোবোটিক্সের মতো আধুনিক যুদ্ধপ্রযুক্তির সঙ্গে নিজেদের মানিয়ে নেওয়ার আহ্বান জানান। হায়দ্রাবাদের ডুন্ডিগালে অবস্থিত বিমান বাহিনী একাডেমিতে আয়োজিত ২১৭ তম কোর্সের ‘কম্বাইন্ড গ্র্যাজুয়েশন প্যারেড’ পরিদর্শনকালে তিনি আজ এ কথা বলেন।

আধিকারিকদের, রাজনাথ সিং উদ্ভাবন, সতর্কতা এবং নিরন্তর শেখার ওপর গুরুত্বারোপ করার পরামর্শ দেন। তিনি বলেন, আধুনিক যুদ্ধপদ্ধতিতে ব্যাপক পরিবর্তন এসেছে এবং আধিকারিকদের অবশ্যই নতুন নতুন যুদ্ধব্যবস্থা ও কৌশল সম্পর্কে নিজেদের সর্বদা অবহিত থাকতে হবে।

প্রতিরক্ষামন্ত্রী ন্যাশনাল ডিফেন্স একাডেমি-তে প্রশিক্ষিত নারী ক্যাডেটদের প্রথম ব্যাচকেও বিমান বাহিনীতে অন্তর্ভুক্ত করেন। অনুষ্ঠানে Su-30 MKI, 'সারং' হেলিকপ্টার ডিসপ্লে টিম এবং 'সূর্যকিরণ' অ্যারোবেটিক টিমের পক্ষ থেকে এরিয়াল ডিসপ্লে প্রদর্শিত হয়। প্রতিরক্ষা বাহিনীর বিভিন্ন শাখার ঊর্ধ্বতন আধিকারিকরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

---

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, তিনটি পরীক্ষা সাফল্যের সঙ্গে চালানোর জন্যে প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা DRDO র বিজ্ঞানীদের অভিনন্দন জানিয়েছেন। দূর পাল্লার ব্যালিস্তিক ক্ষেপণাস্ত্র এবং মাঝারি পাল্লার জাহাজ বিধ্বংসী ব্যাবস্থা প্রতিহত করতে DRDO এ মাসের ১০ ও ১১ তারিখে ওই পরীক্ষা চালায়।

সামাজিক মাধ্যমে এক বার্তায় রাজনাথ জানিয়েছেন, এই সমস্ত পরীক্ষার মাধ্যমে ভারত এমন গুরুত্বপূর্ণ দেশের তালিকাভুক্ত হল, যাদের ব্যালিস্তিক ক্ষেপণাস্ত্র প্রতিরোধের মতো ব্যাবস্থা রয়েছে। শ্রী সিং আরও বলেন, শত্রুদের বিভিন্ন ধরণের হুমকির মোকাবিলায় DRDO বেশকিছু গুরুত্বপূর্ণ প্রযুক্তি ব্যবহার করে সাফল্যের সঙ্গে তার পরীক্ষা চালিয়েছে। নৌ-বাহিনীর মাঝারি পাল্লার জাহাজ বিধ্বংসী ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালানো হয় সফলভাবে।

অপারেশন সিন্দুরের সময় দেশীয় প্রযুক্তিতে তৈরি ক্ষেপণাস্ত্রের ব্যবহার, ভারতের প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়নের প্রতিফলন বলে তিনি জানান।

(বাইট – রাজনাথ)

----------------

আসামের জোড়হাট বিমানবন্দরে, আজ ভারতীয় বায়ুসেনার একটি AN-32 বিমান ভেঙে পড়ে। দুর্ঘটনাস্থলে উদ্ধারকাজ চলছে বলে বায়ুসেনা আধিকারিকরা জানিয়েছেন। দুর্ঘটনার কারণ খুঁজে বের করতে কোর্ট অফ এনকোয়্যারি তৈরি করা হয়েছে।

----------------

কেন্দ্রের এনডিএ সরকারের বারো বছর পূর্তি উপলক্ষে আজ শুনবেন একটি বিশেষ আলোচনা 'বিদেশনীতিতে ভারতের সাফল্য এবং আগামী দিনের চ্যালেঞ্জ'। অর্থনৈতিক বিশেষজ্ঞ অনির্বাণ দত্ত এবং অধ্যাপক মৌমিতা চক্রবর্তীর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

----------------

মূল শর্ত গুলি পূরণ নাহলে, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে চূড়ান্ত শান্তি চুক্তিতে ইরান স্বাক্ষর করবেনা বলে জানিয়ে দিয়েছে। তবে সূত্রের খবর দু'পক্ষই প্রথমিক ভাবে চুক্তির কাছাকাছি পৌঁছেছে।

ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘাচি,সরকারী প্রচার মাধ্যমে জানান, দু'পক্ষের মধ্যে সমঝোতা স্মারকপত্র বা মৌ'য়ের বিষয়বস্তু চূড়ান্ত করে,আগামী কয়েক দিনের

মধ্যেই তা ডিজিটাল মাধ্যমে স্বাক্ষরিত হতে পারে।তবে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের উপর থেকে নৌ অবরোধ প্রত্যাহার না করলে,চূড়ান্ত চুক্তি সম্ভব নয় বলে,ইরান প্রশাসনের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়েছে।

উভয় পক্ষই চুক্তিতে রাজি বলে, মার্কিন প্রশাসন ও মধ্যস্থতাকারী পাকিস্তান জানিয়েছে। আলোচনায় অংশগ্রহণকারীদের দায়বদ্ধতার ওপরেই চূড়ান্ত শান্তি চুক্তি নির্ভর করবে বলে ওয়াশিংটনের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে।

----------------

রাশিয়া থেকে তেল কেনার প্রসঙ্গে ফিনল্যান্ডের বিদেশমন্ত্রী এলিনা ভালতোনেন ভারতের পাশে দাঁড়িয়েছেন এবং বলেছেন, ভারত পশ্চিমী দেশগুলির তেল সংক্রান্ত সর্বোচ্চ মূল্যনীতি মেনে চলে। ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে বৈঠকের পর তিনি বলেন, তেল রফতানি করে রাশিয়ার আর্থিক লাভ নিয়ন্ত্রণে রাখতে এই মূল্যনীতির প্রণয়ন করা হয়েছিল, এবং ভারত তার সঙ্গে সাযুজ্যপূর্ণ ব্যবহার করেছিলো।

ইউরোপীয় দেশগুলির এই সমালোচনার উত্তরে শ্রী জয়শঙ্কর বলেন, পশ্চিমী দেশগুলির নিষেধাজ্ঞার ফলেই ইউরোপের দেশগুলি মধ্য প্রাচ্য থেকে তেল কিনতে বাধ্য হয়। ভারতকেও এর ফলে অন্য সমাধান খোঁজার পথ বেছে নিতে হয় বলেও তিনি মন্তব্য করেন।

ওয়াশিংটনের আন্তর্জাতিক তেল বাজারে ক্রমাগত পরিবর্তিত নীতি নিয়েও শ্রী জয়শঙ্কর সমালোচনা করেন।

----------------

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিও-র সঙ্গে কথা বলেছেন এবং উপসাগরীয় অঞ্চলে মার্কিন নৌবাহিনীর হামলায় তিনজন ভারতীয় নাবিকের মৃত্যুর ঘটনায় তীব্র প্রতিবাদ জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায়, ডঃ জয়শঙ্কর উল্লেখ করেন, বাণিজ্যিক জাহাজের ওপর এ ধরনের প্রাণঘাতী পদক্ষেপ কোনোভাবেই সমর্থনযোগ্য নয়।

উল্লেখ্য, ওমান উপকূলের অদূরে পালাউ-এর পতাকাবাহী ট্যাঙ্কার এমটি সেত্তেবেলো-র ওপর মার্কিন হামলায় তিনজন ভারতীয় নাবিক নিহত হওয়ার কয়েক দিনের মধ্যেই এই আলোচনা বিশেষ গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

-----------------

বিদেশমন্ত্রক জানিয়েছে, ‘লিয়াকি ফ্রিডম’ জাহাজে ভারতীয় নাবিকদের মৃত্যুর খবরটি সঠিক নয়। তাঁরা জাহাজের ক্যাপ্টেনের সঙ্গে কথা বলেছেন এবং সকল কর্মী নিরাপদ আছেন বলে মন্ত্রক জানিয়েছে। সমাজমাধ্যমে ছড়িয়ে পড়া, এক মিথ্যা ও ভিত্তিহীন দাবি ও পোস্টের বিষয়ে সতর্ক থাকার জন্য বিদেশমন্ত্রকের ফ্যাক্ট চেক ইউনিট জনসাধারণকে আহ্বান জানিয়েছে।

-----------------

ফিফা ফুটবল বিশ্বকাপে, আজ গ্রুপ বি-র ম্যাচে, সুইজারল্যান্ড, কাতারের বিরুদ্ধে খেলবে। সান ফ্রান্সিসকো বে এরিয়া স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে বারোটায়।

অন্য ম্যাচে, গ্রুপ সি-র ম্যাচে, নিউ জার্সি স্টেডিয়ামে মরক্কো, ব্রাজিলের মুখোমুখি হবে। খেলা শুরু হবে রাত সাড়ে তিনটেয়।

গ্রুপ ডি-র ম্যাচে আজ মার্কিন যুক্তরাষ্ট্র, প্যারাগুয়েকে ৪-১ গোলে হারিয়ে দিয়েছে।

অন্যদিকে, গ্রুপ বি-র ম্যাচে গতরাতে কানাডা ও বসনিয়া হার্জেগোভিনার মধ্যে ম্যাচটি ১-১ গোলে ড্র হয়।

---------------- ----------------